

বীজধবনি

শব্দ নিয়ে মায়াখেলা ভাষা নিয়ে উষণ আলোচনা
সমুদ্রের নুনতীরে দাঁড়িয়ে রয়েছি সঙ্কেবেলা
বিনুকশরীরে লাগে লাল রঙ কিছু ভালোবাসা
নুড়িগুলি গল্প করে বালির অক্ষরে ঝরে পড়ে

অনুভূতি নদী যদি পরম্পরা উৎস থেকে আসে
দুদিকের উপত্যকা সবুজফলনে ভরে যায়
কিছু পাখি বীজ নিয়ে চলে যাবে অন্য কোন কালে
সেও তা জেনেছি সত্য তবু এত তর্ক কেন ভাসে

চড়াই উৎরাই ঢেউ ভেঙে ভেঙে সামান্য নুলিয়া
কতদূরে চলে যায় পোলী মাছের এত নেশা
সবটা ক্ষুধার কথা নয় তাকে কিছু আবিষ্কার
শেখায় সমুদ্রভাষা আঞ্চলিকে অনুবাদ করা

রহস্য তাবুতে রাতচাঁদ মেঘের আল্লষে দেখি
নির্বাক নিঃশব্দ খোঁজে ধবনিমন্ত্র সমুদ্রের জলে.....

মঞ্জু ষ দাশগুপ্ত

